

পথচলা

কেউ পট আঁকেন, কেউ বানান দুর্গাঠাকুরের মূর্তি। আবার যার ভাল লাগে সে আপন খেয়ালেই ঘুরে বেড়ায় পথে ঘাটে। এসব ঘটনার কোণে কোণেই লুকিয়ে থাকে নানা নিবিড় মুহূর্ত। যা দেখা যায় চোখ-কান খোলা রাখলেই। এসব মুহূর্তের ছবি



দেখলে মনে হয় কারও জীবনে রয়েছে একাকীত্বের অন্ধকার আবার কেউ তারিয়ে তারিয়ে উপভোগ করেন একাকীত্বকে। তাছাড়া দেশে-বিদেশে নানা প্রাস্তুর নানা সংস্কৃতির মধ্যেও রয়েছে অজস্র বৈচিত্র্য। আবার পথচলতি অনেক ঘটনার মধ্যেও থাকে অবাক করা নানা গল্প ও অনুভূতি। যেমন ধরা যাক রাস্তায় যেতে যেতেই চোখে পড়তে পারে বাঁশের খুঁটিতে ঝোলানো একটা বাল্ব যা কিনা আদপে একটা লাইট পোস্ট। এসব ছবিই ক্যামেরায় ধরে রাখেন আলোকচিত্রী সজল ঘোষ। রঙিন ছবির পাশাপাশি অনেক সাদা-কালো ছবিতোও সজল অনুসন্ধান করেন জীবনের নানা রং। সজল ঘোষের এসব ছবি নিয়েই আজ শুরু হচ্ছে একটি প্রদর্শনী, বিড়লা অ্যাকাডেমিতে। সময় বিকেল সাড়ে পাঁচটা। সজলের ভাষায় ক্যামেরা হাতে এই পথ চলার নাম 'ভিউ অ্যাক্রস'।